



তেলআবিবে ইরানের ক্ষেপণাস্ত্র হামলা: নিহত ১, আহত ২১



সংগৃহীত ছবি

ইসরায়েলের প্রধান নগরী তেলআবিব লক্ষ্য করে ব্যাপক ক্ষেপণাস্ত্র নিষ্ক্ষেপ করেছে ইরান। হামলায় অন্তত একজনের প্রাণহানির তথ্য প্রকাশ করেছে ইসরায়েলভিত্তিক সংবাদমাধ্যম The Times of Israel।

প্রতিবেদনে বলা হয়, ইসরায়েলের জরুরি চিকিৎসা সেবা সংস্থার তথ্য অনুযায়ী আহত হয়েছেন আরও ২১ জন। তাদের বিভিন্ন হাসপাতালে ভর্তি করা হয়েছে এবং চিকিৎসা দেওয়া হচ্ছে।

অন্যদিকে, ইরানের সংবাদসংস্থা Fars News Agency দাবি করেছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যৌথ সামরিক অভিযান ‘অপারেশন এপিক ফিউরি’-তে ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতুল্লাহ আলী খামেনি নিহত হয়েছেন।

সংস্থাটির আরও দাবি, একই অভিযানে খামেনির মেয়ে, জামাতা ও নাতিও প্রাণ হারিয়েছেন। তবে এসব দাবির বিষয়ে স্বাধীনভাবে নিশ্চিত কোনো তথ্য এখনো পাওয়া যায়নি।